**পল্লী সঞ্চয় ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

**ব্যাংকের আইন সংক্রান্ত কার্যাবলী এবং বিভিন্ন আদালতে মামলা পরিচালনার নিমিত্তে রিটেইনার/আইন উপদেষ্টা এবং প্যানেল আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তি, নবায়ন ও পুনঃ তালিকাভুক্তি নীতিমালা, ২০২৫**

ব্যাংকের আইন সংক্রান্ত কার্যাবলী এবং বিভিন্ন আদালতে মামলা পরিচালনার জন্য প্যানেল আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তি, নবায়ন ও পুনঃতালিকাভুক্তির নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, লিটিগেশন-১, আইন অধিশাখা-এর নির্দেশনাসমূহের সমন্বয়ে প্রস্তুতকৃত নিম্নোক্ত নীতিমালাটি পরিচালনা বোর্ডের ২৪/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ৭৫ তম সভায়, পরিচালনা বোর্ডের ২৮/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত ৮২তম সভায়, পরিচালনা বোর্ডের ২৮/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪০ তম সভায় অনুমোদন দেয়া হয়।

**আইনজীবী প্যানেলভুক্ত হওয়ার যোগ্যতা ও অভিজ্ঞতাঃ**

ক) প্রার্থীকে আইনে ডিগ্রীসহ অবশ্যই বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সদস্য হতে হবে;

খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে।

অথবা

হাইকোর্টে ওকালতির ক্ষেত্রে কমপক্ষে ০৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে আইনে উচ্চতর ডিগ্রীধারী (এলএলবি (অনার্স), এল.এল,এম, বার-এট-ল বা পিএইচ,ডি ইত্যাদি) হলে আইন পেশায় ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

গ) ঢাকা মহানগরের ক্ষেত্রে দেওয়ানী, ফৌজদারী আদালত, হাইকোর্ট ডিভিশনে কমপক্ষে ০৭ (সাত) বছর স্বাধীনভাবে ওকালতি করার বাস্তব অভিজ্ঞতা থাকেতে হবে;

ঘ) ঢাকা মহানগরের বাইরে দেওয়ানী ফৌজদারী/প্রশাসনিক ট্রাইবুন্যালে ০৫ (পাঁচ) বছর স্বাধীনভাবে ওকালতি করার বাস্তব অভিজ্ঞতা থাকেতে হবে; এবং

ঙ) প্রার্থীর শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি কিংবা সমমানের সিজিপিএ থাকতে হবে, কোনো ক্রমেই ৩য় বিভাগ/শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

**রিটেইনার/আইন উপদেষ্টা নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা:**

ক) প্রার্থীকে আইনে ডিগ্রীসহ অবশ্যই বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সদস্য হতে হবে।
খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবেঃ

অথবা

হাইকোর্টে ওকালতির ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে আইনে উচ্চতর ডিগ্রীধারী (এলএলবি (অনার্স), এল.এল.এম, বার-এট-ল বা পিএইচ.ডি ইত্যাদি) হলে আইন পেশায় ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; এবং

গ) প্রার্থীর শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে, কোনো ক্রমেই ৩য় বিভাগ/শ্রেণি কিংবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

**শর্তাবলী**
** আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তির ক্ষেত্রে তাদের পেশাগত দক্ষতা এবং অভিজ্ঞতার বিষয়টি নিশ্চিত করতে হবে।
** প্যানেল আইনজীবীগণকে সরকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণের বিষয়টি বিবেচনায় রেখে মামলা পরিচালনা করতে হবে। সরকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বার্থের সংঘাত বা ব্যাঘাত ঘটে এমন কোন কাজ প্যানেল আইনজীবী করতে পারবে না। এ ধরনের অভিযোগ উত্থাপিত হলে কমিটির সুপারিশক্রমে তার নিয়োগ বাতিল করতে হবে।

**অযোগ্যতাঃ**

ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত বিচারাধীন বা বিশেষ কোন কারণে ব্যাংকের তালিকা হতে বাদ পড়া কোনো আইনজীবী নতুনভাবে তালিকাভুক্তকরণ বা নবায়নের জন্য পুনরায় আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

**কমিটি গঠনঃ**

রিটেইনার/আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তি নবায়ন ও পুনঃতালিকাভুক্তি সংক্রান্ত কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে প্রধান করে 'প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি' গঠন করতে হবে। উক্ত কমিটিতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আইন অধিশাখার প্রতিনিধি এবং অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অথবা সহকারী অ্যাটর্নি জেনারেলকে অন্তর্ভুক্ত করতে হবে। কমিটিকে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে সুপারিশমালা পরিচালনা বোর্ডে উপস্থাপন করতে হবে এবং পর্ষদের অনুমোদনক্রমে তালিকা চূড়ান্ত করতে হবে।

**পত্রিকায় বিজ্ঞপ্তি**

ক) নিয়োগ বিজ্ঞপ্তি অন্যূন ০২টি জাতীয় দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১ ইংরেজি) প্রকাশ করতে হবে। তবে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে কেবলমাত্র নবায়ন ও পুনঃতালিকাভুক্তির ক্ষেত্রে প্যানেলের মেয়াদকাল শেষ হওয়ার প্রাক্কালে পত্রিকায় বিজ্ঞপ্তি ব্যতিরেকে সন্তোষজনক পারফরমেন্স বিবেচনা করে আইনজীবীদের আবেদনের ভিত্তিতে নবায়ন ও পুনঃ তালিকাভুক্তি বিবেচনা করা যেতে পারে।

খ) জাতীয় দৈনিকে প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে দরখাস্ত ব্যতিরেকে নতুনভাবে প্যানেল আইনজীবী প্যানেলভুক্ত করা যাবে না। প্যানেলের মেয়াদ থাকাকালীন নতুন কোনো আইনজীবী প্যানেলভুক্ত করা যাবে না।

**মেয়াদকালঃ**

রিটেইনার/আইন উপদেষ্টা এবং আইনজীবীগণের নিয়োগ/তালিকাভুক্তির মেয়াদকাল হবে সর্বোচ্চ ০২ (দুই) বছর। পারফরমেন্স সন্তোষজনক বিবেচিতদেরকে পুনরায় নিয়োগের জন্য বিবেচনা করা যাবে। নির্ধারিত মেয়াদকাল অতিক্রান্ত হওয়ার পূর্বে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় নিয়োগপ্রাপ্ত/তালিকাভুক্ত আইনজীবীদের অব্যাহতি প্রদানের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

**কেপিআই (KPI):**

ক) নিয়োগকৃত আইনজীবীদের পারফরমেন্স মূল্যায়ন করার জন্য প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি কর্তৃক Key Performance Indicator (KPI) নির্ধারণ করতে হবে এবং উক্ত KPI অনুযায়ী নূণ্যতম ত্রৈমাসিকভিত্তিতে আইনজীবীদের মামলা পরিচালনার পারফরমেন্স মূল্যায়ন করতে হবে। নিয়োগকৃত প্যানেল আইনজীবীগণের KPI মনিটরিং এর জন্য প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি অন্তত: প্রতি তিনমাসে একবার সভায় মিলিত হবেন। যে সকল আইনজীবীর পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে না; তাদের বিষয় কমিটিতে উপস্থাপনপূর্বক প্যানেল হতে বাদ দিয়ে নতুন আইনজীবী নিয়োগ দিতে হবে।

খ) নবায়ন ও পুনঃতালিকাভুক্তির ক্ষেত্রেও আইনজীবীদের মামলা নিষ্পত্তির বিষয়ে সন্তোষজনক পারফরমেন্স বিবেচনা করা হবে। ব্যাংকে কমপক্ষে ১০ (দশ) জন তালিকাভুক্ত আইনজীবী থাকবে। তবে প্রয়োজনে এর সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা যাবে।

**পরিচালনা পর্ষদ-এর অনুমোদনঃ**

ব্যাংকের রিটেইনার/আইন উপদেষ্টা নিয়োগ/প্যানেল আইনজীবী তালিকাভুক্তি নবায়ন ও পুনঃতালিকাভুক্তি পরিচালনা পর্ষদ-এর অনুমোদনক্রমে চূড়ান্ত হবে।

**অঙ্গীকারনামাঃ**

পরিচালনা বোর্ডের চূড়ান্ত অনুমোদনের পর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্তদেরকে নিয়োগপত্র/প্যানেলভুক্তকরণ পত্র প্রেরণ করা হবে। উক্ত পত্রের শর্তানুযায়ী কাজ করতে সম্মত থাকলে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

**বিশেষজ্ঞ আইনজীবী নিয়োগঃ**

গুরুত্বপূর্ণ ও জটিল মামলা পরিচালনার জন্য যেক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট অনুভূত হবে যে ব্যাংকের তালিকা বহির্ভুত অভিজ্ঞ আইনজীবী দ্বারা মামলা পরিচালনা করলে তা ব্যাংকের স্বার্থ সংরক্ষণের জন্য সহায়ক হবে সেক্ষেত্রে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে কেস-টু-কেস ভিত্তিতে বিশেষজ্ঞ আইনজীবী নিয়োগ দেয়া যাবে এবং তার ফিস নির্ধারণের বিষয়টি তিনি অনুমোদন করবেন।

**রিটেইনার/আইন উপদেষ্টা এবং প্যানেল আইনজীবীর নিয়োগ বাতিল/প্যানেল হতে আইনজীবী নিয়োগঃ**

(ক) ব্যাংকের স্বার্থে ব্যাঘাত ঘটে এমন কোনো কাজ আইন উপদেষ্টা বা প্যানেল আইনজীবী করতে পারবেন না। এ ধরনের অভিযোগ উত্থাপিত হলে কমিটির সুপারিশক্রমে তাঁর নিয়োগ বাতিল করা হবে।

(খ) অসুস্থতাজনিত কারণে মামলা পরিচালনায় অক্ষম আইন উপদেষ্টা বা আইনজীবীর নিয়োগ কমিটির সুপারিশক্রমে বাতিল করা যাবে।

(গ) মৃত্যুজনিত কারণসহ দফা (ক) ও (খ) এ উল্লেখিত কারণে এর শূন্য পদে প্যানেল হতে কমিটির সুপারিশক্রমে আইনজীবী নিয়োগ করা যাবে।

**সাক্ষাৎকার**

প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে আবেদনকারী আইনজীবীগণের virtually/সরাসরি সাক্ষাৎকার গ্রহণের ব্যবস্থা করতে হবে।

**নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন:**

পরিচালনা বোর্ড সময় সময় এই নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন করতে পারবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে

১৬/১০/২০২৫

সালমা বানু

ব্যবস্থাপনা পরিচালক